তারিখ: 03 JUN 2016
পৃষ্ঠা: ... 2

সংবাদ

দড়িকান্দি সর. প্রা. বিদ্যালয়

# ৩ বছর ভবন পরিত্যক্ত বাঁশ বাগানে পাঠদান

**ফারুক হোসেন, শিবালয় (মানিকগঞ্জ)**

মানিকগঞ্জের শিবালয় উপজেলার দড়িকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একতলা ভবনটি নির্মাণের ১৮ বছরে মধ্যেই ব্যবহারে অনুপযোগী হওয়ায় পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে কর্তৃপক্ষ। প্রায় তিন বছর আগে এ ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হলে তা অপসারণ না করায় মারাত্মক ঝুঁকির মধ্যে রয়েছে। ঝুঁকিপূর্ণ ভবন এড়িয়ে চললেও দুর্ঘটনার আশঙ্কা করছে কোমলমতি শিক্ষার্থী ও অভিভাবক মহল।

জানা গেছে, স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে স্থাপিত এ বিদ্যালয়ের অফিস ও শ্রেণী কক্ষ তৈরির জন্য '৯৫ সালে শিক্ষা অধিদপ্তর একতলা ভবন নির্মাণ কাজ সম্পূর্ণ করে। ভবন নির্মাণে গুণগত মান সঠিক না হওয়ায় মাত্র ১৮ বছরের ব্যবধানে তা পরিত্যক্ত ঘোষণা করে নতুন ভবন নির্মাণ কাজ শুরু করা হয়। নতুন ভবনের পার্শ্বেই পরিত্যক্ত ভবন অপসারণের উদ্যোগ না নেয়ায় দুর্ঘটনার আশঙ্কা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।

এদিকে বিদ্যালয়ের নতুন ভবন নির্মান কাজ দ্রুত শেষ না হওয়ায় শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে বাঁশ বাগানে পাঠদান চালাতে হচ্ছে। এতে শিক্ষার্থীদের পড়াশোনায় দারুন ব্যাহত হচ্ছে। সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকরা জানান, ৩ বছর আগে পরিত্যক্ত ভবন অপসারণে জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ না করায় এহেন ঝুঁকি সৃষ্টি হয়েছে। নতুন ভবনের নির্মাণ কাজ ১০ শতাংশ সম্পন্ন হয়েছে মাত্র। শিক্ষার্থী ও অভিভাবকরা নতুন ভবনের কাজ দ্রুত সম্পূর্ণ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেছেন।